দৈনিক
ইত্তেফাক

তারিখ ০৪ JUL 2015
পৃষ্ঠা [illegible] কলাম [illegible]

# ঢাবিতে ২য় ভর্তি পরীক্ষায় অংশগ্রহণের নির্দেশনা চেয়ে রিটের রায় আজ

■ ইত্তেফাক রিপোর্ট

ঢাকা বিশ্ববিদ্যালয়ে ভর্তির ক্ষেত্রে শিক্ষার্থীরা দ্বিতীয়বার ভর্তি- পরীক্ষা অংশগ্রহণের নির্দেশনা চেয়ে দায়েরকৃত রিট আবেদনের ওপর আজ বুধবার রায় ঘোষণা করবে হাইকোর্ট। এ সংক্রান্ত আবেদনের রুলের ওপর চূড়ান্ত শুনানি শেষে বিচারপতি ফারাহ মাহবুব ও বিচারপতি কাজী মো. ইজারুল হক আকন্দের ডিভিশন বেঞ্চ গতকল মঙ্গলবার রায় প্রদানের জন্য এ দিন ধার্য করেন।

এইচএসসি পরীক্ষায় উত্তীর্ণ শিক্ষার্থীরা ঢাকা বিশ্ববিদ্যালয়ে ভর্তি হতে দু বার ভর্তি পরীক্ষায় অংশ নেয়ার সুযোগ পেত। কিন্তু গত ১৪ অক্টোবর বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ জানায়, ২০১৫-১৬ শিক্ষাবর্ষ থেকে ভর্তি পরীক্ষায় শুধুমাত্র ওই বছর এইচএসসিতে উত্তীর্ণরাই অংশ নিতে পারবে। ভর্তি পরীক্ষায় জালিয়াতি ঠেকাতেই কর্তৃপক্ষ এ ধরনের সিদ্ধান্ত নিয়েছে বলে জানায়। এই সিদ্ধান্তের বৈধতা চ্যালেঞ্জ করে হাইকোর্টে রিট আবেদন দায়ের করেন দ্বিতীয়বার ভর্তিচ্ছু ২৬ জন শিক্ষার্থীর অভিভাবক।

ওই আবেদনের ওপর প্রাথমিক শুনানি নিয়ে গত ১৬ মার্চ হাইকোর্ট রুল জারি করে। রুলে দ্বিতীয় বার ভর্তির সুযোগ বাতিল কেন বেআইনি ঘোষণা এবং ওই সিদ্ধান্ত বাতিল করে আগের মত ভর্তির সুযোগ রেখে নতুন করে সিদ্ধান্ত কেন দেয়া হবে না- তা জানতে চাওয়া হয়। গত দু'দিন এই রুলের ওপর রিট আবেদনকারীদের পক্ষে আইনজীবী সুব্রত চৌধুরী ও বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের পক্ষে এএফএম মেসবাহ উদ্দিন শুনানি করেন।